তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ২-৩ কলাম ৮

কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৬৬৪ কোটি টাকার বাজেট ঘোষণা

## গবেষণায় বরাদ্দ ২ শতাংশ

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৬৬৪ কোটি ৩৭ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। এ বাজেটের ৭৯ শতাংশ ব্যয় হবে বেতন-ভাতা ও পেনশন বাবদ। আর গবেষণা খাতে বরাদ্দ রাখা হয়েছে ২ শতাংশ।

গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বার্ষিক অধিবেশনে বাজেট পেশ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দিন। দিনব্যাপী এ অধিবেশনে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। আরো উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরিন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. এনামুজ্জামান ও সিনেট সদস্যরা।

এবার মোট বাজেটের আকার গতবারের চেয়ে কমেছে। ২০১৬-১৭ অর্থবছরে বাজেটের পরিমাণ ছিল ৬৬৪ কোটি ১১ লাখ টাকা। পরে চূড়ান্ত সংশোধনীতে তা বেড়ে দাঁড়ায় ৬৬৭ কোটি ১৯ লাখ টাকায়।

বিশ্ববিদ্যালয়ের বাজেটের আয়ের উৎস হিসেবে থাকছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুদান ও নিজস্ব আয়। এবার মোট বাজেটের ৬০৮ কোটি ১০ লাখ টাকা দেবে মঞ্জুরি কমিশন। বাকি ৪২ কোটি ৫৫ লাখ টাকা আসবে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ আয় থেকে। এবার বাজেটে ঘাটতির পরিমাণ ধরা হয়েছে ১১ কোটি [illegible] লাখ টাকা, যা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ আয় থেকে মেটানো হবে।